

মাটি ও উত্তম পুরুষ

ড. শামস্ রহমান

তুমি ছিলে বদ্ধ খাঁচায় অন্ধ।
রাজনীতি,
যুদ্ধ,
তাত্ত্বিক দ্বন্দ্ব -
এ সব দৃশ্য কখনি করেনি তোমায় স্পর্শ ॥

গলায় তোমার পুতির মালা,
কানে বুমকা;
পায়ের নুপুরের ছন্দে ছুটতে তুমি আচমকা -
এ উঠোন থেকে অন্য বাড়ীর বৌঠান ॥

হাতে কংকন, নয়ন কাজলেতে অংকন।
খোপায় তোমার পদ্ম-মালা;
বেলা- অবেলা এ সবেই ছিল তোমার যত খেলা -
যেন তোমার এ বসন্ত, অবিনশ্বর অনন্ত ॥

অবেলায় এলো সে;
শতাব্দীর শ্রেষ্ঠতম পুরুষের বেশে।
আবার চলেও গেল পলকের নিমিষে।

সে এলোগেল -
এলোমেল করে গেল;
তোমার প্রাণের ভাবনা গুলো।
পৃথিবী,
রাজনীতি,
শ্রেণী-দ্বন্দ্ব -
এ সব বিশ্বাসে আজ তুমি মুক্ত বিহঙ্গ ॥